

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৮.০৬২-১৮ - ৭৬২

তারিখ: ১২ পৌষ ১৪২৫

২৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন মঙ্গলপুর আলিম মান্দ্রাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমান এর পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র: সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমানের আবেদন তারিখ: ১৯.০৯.২০১৮ খ্রি:। উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন মঙ্গলপুর আলিম মান্দ্রাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমান ১৩ /০৭/২০১৭ খ্রি: তারিখে বিনা নোটিশে সম্পূর্ণ অন্যায় ভাবে মান্দ্রাসার গভর্ণিং বডি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে

“According, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60 (sixty) days from the date of his/her suspension .If the suspension continues for further period, exceeding 60 (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/ letter ends up in a final order.”

০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে বেসরকারি কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক /কর্মচারী কে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্ত হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমান কর্তৃক উপস্থাপিত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে , তাকে ( জনাব মো: জিল্লুর রহমান ) ১৩ /০৭/২০১৭ খ্রি: তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশি হয়েছে বিধায় জনাব মো: জিল্লুর রহমান তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমান কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাকে (জনাব মো: জিল্লুর রহমানকে) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে এবং মান্দ্রাসা শিক্ষা বোর্ডের নির্দেশ মোতাবেক তাঁকে পূর্ণ বেতন ভাতাদি প্রদান করা হচ্ছে না ।

০৬. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন মঙ্গলপুর আলিম মান্দ্রাসার সাময়িক বরখাস্তকৃত ইবতেদায়ী কারী জনাব মো: জিল্লুর রহমানকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন ভাতাদি প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যকারী ব্যবস্থা গ্রহণক্রমে মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য অধ্যক্ষ, মঙ্গলপুর আলিম মান্দ্রাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল । ব্যর্থতায় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে ।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক

অধ্যক্ষ মঙ্গলপুর আলিম মাদ্রাসা ডাক: মঙ্গলপুর, উপজেলা:  
বিরল, জেলা: দিনাজপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৮.০৬২-১৮/১(৬)

তারিখ: ১২ পৌষ ১৪২৫  
২৬ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন (৯ম তলা), সচিবালয় লিংক  
রোড, ঢাকা।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, , উপজেলা: বিরল, জেলা: দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য  
অনুরোধ করা হলো।)
- ৩) সভাপতি, গভর্ণিং বডি, ডাক: মঙ্গলপুর, উপজেলা: বিরল, জেলা: দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার  
জন্য অনুরোধ করা হলো।)
- ৪) ম্যানেজার, সোনালী ব্যাংক, ফারাক্কাবাদ শাখা, জেলা: দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য  
অনুরোধ করা হলো।)
- ৫) ইবতেদায়ী কারী, জনাব মো: জিল্লুর রহমান, মঙ্গলপুর আলিম মাদ্রাসা, ডাক: মঙ্গলপুর, উপজেলা: বিরল,  
জেলা: দিনাজপুর।
- ৬) অফিস কপি।

Najnin

২৭-১২-২০১৮

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক